

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২১৭.১৬.০১৭.১৫(অংশ-১).৫২

তারিখ: ১১ অগ্রহায়ণ ১৪৩০

২৬ নভেম্বর ২০২৩

...

বিষয়: **GEMS** সিস্টেমের মাধ্যমে চাকরি-সংক্রান্ত তথ্যাদি হালনাগাদকরণে অনলাইনে আবেদন দাখিলের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মানব-সম্পদ ব্যবস্থাপনা আধুনিক ও যুগোপযোগীকরণে জনপ্রশাসন মন্ত্রণালয় সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি-GEMS বাস্তবায়ন করছে। GEMS-এর আওতায় ইতোমধ্যে Employee Management System-EMS -এর মাধ্যমে কর্মকর্তাগণ নিজেরাই নিজেদের তথ্যাদি হালনাগাদকরণে অনলাইনে প্রমাণকসহ আবেদন করছেন। দাখিলকৃত উক্ত তথ্যের ভিত্তিতেই GEMS তথ্য আপডেট করা হচ্ছে। দাখিলকৃত সকল প্রমাণক আবেদনের সঙ্গে এবং কর্মকর্তার জন্য নির্ধারিত মাই-ড্রাইভে সংরক্ষিত হচ্ছে। এতে যেকোনো স্থান থেকে যেকোনো সময় কর্মকর্তাগণ নিজেদের প্রয়োজনীয় ডকুমেন্ট এই ড্রাইভ হতে ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন। এতে একদিকে যেমন সশরীর হার্ডকপিতে আবেদনের প্রয়োজন হবে না, অন্যদিকে অনলাইনে দাখিলকৃত আবেদনের বর্তমান অবস্থা দেখতে পাওয়া যাবে এবং ট্র্যাকিং করাও সম্ভব হবে, যা স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের প্রত্যয়ের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

০২। দেখা যাচ্ছে যে, কখনও কখনও GEMS-এর মাধ্যমে আবেদন দাখিলের পাশাপাশি পুরাতন পদ্ধতির PMIS-এর তথ্যাদি হালনাগাদকরণে পিএসিসিতে হার্ডকপিতে আবেদন দাখিল করছেন। এতে একই কাজের দ্বৈততা সৃষ্টিসহ তথ্য হালনাগাদকরণে জটিলতা তৈরি হচ্ছে। যেহেতু GEMS-এর মাধ্যমে অনলাইনে দাখিলকৃত আবেদনের মাধ্যমে তথ্য হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে, সেহেতু পুরাতন পদ্ধতির PMIS-এ তথ্য হালনাগাদকরণে হার্ডকপিতে কোনো আবেদনের প্রয়োজন নেই।

০৩। উপরিউল্লিখিত বিষয়াদি বিবেচনায় এখন হতে পুরাতন PMIS-এর তথ্য হালনাগাদকরণের জন্য পিএসিসিতে হার্ডকপিতে কোনো আবেদন দাখিল না করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। কর্মকর্তাগণের চাকরি-সংক্রান্ত তথ্যাদি তথ্য হালনাগাদকরণের জন্য শুধু GEMS-এর মাধ্যমে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৬-১১-২০২৩

মোঃ দৌলতুজ্জামান খান
যুগ্মসচিব (পিএসিসি)
ফোন: ৫৫১০০৫১২
ইমেইল: paccbr@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল) (আওতাধীন প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তাকে সদয় অবহিত করণের জন্য)
- ২) বিভাগীয় কমিশনার (সকল) (আওতাধীন প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তাকে সদয় অবহিত করণের জন্য)
- ৩) জেলা প্রশাসক (সকল) (আওতাধীন প্রশাসন ক্যাডারের সকল কর্মকর্তাকে অবহিত করণের জন্য)
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশসহ উল্লিখিত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য)।
- ৫) অফিস কপি/মাস্টার ফাইল কপি